# সেকশন 7: ডিস্ট্রিক্ট পিতামাতা এবং পরিবার সংশ্লিষ্টতা নীতি

*(সকল টাইটেল ওয়ান স্কুলসমূহের জন্য আবশ্যক)*

**নির্দেশনা:** সকল টাইটেল I ডিস্ট্রিক্টকে একটি **ডিস্ট্রিক্ট পিতামাতা এবং পরিবার সংশ্লিষ্টতা নীতি** তৈরি করতে হয় যা টাইটেল I পিতামাতা সংশ্লিষ্টতার শর্ত পূরণ করে। আপনার ডিস্ট্রিক্ট কীভাবে কার্যকর পিতামাতার সংশ্লিষ্টতা কার্যক্রম এবং শিক্ষার্থীর অ্যাকাডেমিক সাফল্য ও ডিস্ট্রিক্টের কার্যসম্পাদনা উন্নতির কৌশল পরিকল্পনা ও বাস্তবায়ন করবে, সেটা ডিস্ট্রিক্ট পিতামাতা এবং পরিবার সংশ্লিষ্টতা নীতিতে থাকতে হবে।

নোট:

- *কর্মপরিকল্পনায় পিতামাতা সম্পর্কিত বর্ণিত যেকোনো কার্যক্রম/কৌশল ডিস্ট্রিক্ট পিতামাতা এবং পরিবার সংশ্লিষ্টতা নীতিতে অন্তর্ভুক্ত করতে হবে।*
- *ডিস্ট্রিক্ট লিডারশিপ টিম সিগনেচার পেইজে নির্বাচকমণ্ডলী প্রতিনিধির স্বাক্ষর নির্দেশ করে যে ডিস্ট্রিক্ট পিতামাতা এবং পরিবার সংশ্লিষ্টতা নীতি পর্যালোচনা, প্রণয়ন ও অভিযোজনের সময়ে আলোচনা করা হয়েছে।*
- *সেকশন 2-তে সুপারিনটেনডেন্টের স্বাক্ষর: ডিস্ট্রিক্ট লিডারশিপ টিমের (DLT) স্বাক্ষরের পৃষ্ঠা DLT-এর ডিস্ট্রিক্ট পিতামাতা এবং পরিবার সংশ্লিষ্টতা নীতি প্রবর্তনকে প্রত্যয়িত করে।*
- *ডিস্ট্রিক্ট পিতামাতা এবং পরিবার সংশ্লিষ্টতা নীতি কার্যকর রয়েছে এবং গ্রহণের তারিখ থেকে দুই অ্যাকাডেমিক বছরের জন্য গৃহীত হয় এবং প্রতি অ্যাকাডেমিক বছরে এককার করে পুনর্মূল্যায়ন করা হয়।*

**কমিউনিটি স্কুল ডিস্ট্রিক্ট 26**

**ডিস্ট্রিক্টব্যাপী পিতামাতা এবং পরিবার সংশ্লিষ্টতা নীতি 2018-20**

Ms. Danielle Giunta
Community Superintendent
61-15 Oceania St.
Bayside, NY 11364

শিক্ষা সম্পর্কিত গবেষণায় ধারাবাহিকভাবে দেখা গেছে যে পিতামাতা সংশ্লিষ্টতা ও শিক্ষার্থী সাফল্যের মধ্যে ইতিবাচক পারস্পরিক সম্পর্ক আছে। অতএব, ডিস্ট্রিক্ট 26-এর নীতির এর মূল লক্ষ্যসমূহের মধ্যে আছে:

- পিতামাতাকে পিতামাতা দক্ষতা অর্জনে কার্যকর সহায়তাদানে বাড়ি ও স্কুলের অংশীদারত্ব গড়ে তোলা।
- কার্যকরীভাবে পরিকল্পনায় এবং সিদ্ধান্ত গ্রহণে সংশ্লিষ্ট হবার জন্য পিতামাতাকে তথ্য, ট্রেনিং, এবং সুযোগ প্রদান।
- সামাজিক এবং মানসিক কল্যাণে এবং পরিবারের সামগ্রিক মানসিক স্বাস্থ্যে সহায়তা প্রদান।
- পিতামাতা সচেতনতা বৃদ্ধি এবং শিক্ষা সমৃদ্ধি ও শিক্ষার্থী সাফল্যের উন্নতি সম্পর্কে তাদের ভূমিকা বোঝা।
- পূর্ণভাবে স্কুল কম্যুনিটির প্রতি ইতিবাচক পারিবারিক দৃষ্টিভঙ্গি গড়ে তোলা।

ডিস্ট্রিক্ট 26 ফ্যামিলি লিডারশিপ কোঅর্ডিনেটর এবং ফ্যামিলি সাপোর্ট কোঅর্ডিনেটর বিভিন্ন পারিবারিক সংশ্লিষ্টতার পরিকল্পনা ও সুযোগ সৃষ্টি করবে, ডিপার্টমেন্ট অভ এডুকেশন থেকে সকল পিতামাতা-সংশ্লিষ্ট গ্রুপের (প্যারেন্ট কোঅর্ডিনেটরস্, কম্যুনিটি এডুকেশনাল কাউন্সিল, প্রেসিডেন্টস্ কাউন্সিল, ডিস্ট্রিক্ট লিডারশিপ টিম, প্যারেন্ট অ্যাডভাইজরি কাউন্সিল) কাছে প্রাসঙ্গিক তথ্য প্রচার করবে এবং প্রয়োজনবোধে তাদের সহায়তা দেবে, সময়মতো কার্যকরভাবে 311 পরিষেবার অনুরোধের জবাব দেবে, এবং পিতামাতা এবং সুপারিনটেনডেন্টের মাঝে লিঁয়াজো হিশেবে কাজ করবে।

পার্ট I: সাধারণ প্রত্যাশা

কম্যুনিটি স্কুল ডিস্ট্রিক্ট 26 নিম্নলিখিত আইনগত বাধ্যবাধকতা প্রতিষ্ঠা করায় সম্মত:

- স্কুল ডিস্ট্রিক্ট পিতামাতাদের সংশ্লিষ্ট করার জন্য অধীনস্থ যেসব স্কুলে টাইটেল I, পার্ট A প্রোগ্রাম আছে, তার সবগুলোতে এভরি স্টুডেন্ট সাকসিডস্ অ্যাক্ট (ESSA)-এর সেকশন 1116 অনুযায়ী প্রোগ্রাম, কর্মকাণ্ড ও প্রক্রিয়াটি কার্যকর করবে। এসব কর্মসূচি, কার্যক্রম এবং পদ্ধতি অংশগ্রহণকারী ছেলেমেয়েদের পিতামাতা ও পরিবারগুলোর সঙ্গে অর্থপূর্ণ পরামর্শের ভিত্তিতে পরিকল্পনা ও পরিচালনা করবে।
- সেকশন 1116-এর সঙ্গে সঙ্গতি রেখে স্কুল ডিস্ট্রিক্ট-এর স্কুলগুলোতে স্কুল-পর্যায়ের আবশ্যক পিতামাতা সংশ্লিষ্টতার নীতিমালা যেন ESSA-র সেকশন 1116(b)(1)-এর শর্তাবলি পূরণ করে, এবং প্রত্যেকটিতে যেন এর একটি উপাদান হিসেবে ESSA-র সেকশন 1116(d)-এর সঙ্গে সঙ্গতিপূর্ণ একটি স্কুল-পিতামাতা সমঝোতা অন্তর্ভুক্ত থাকে, সেটা নিশ্চিত করার লক্ষ্যে ডিস্ট্রিক্ট তার অধীনস্থ স্কুলগুলোর সঙ্গে কাজ করবে।
- স্কুল ডিস্ট্রিক্ট এই ডিস্ট্রিক্টব্যাপী পিতামাতা ও পরিবার সংশ্লিষ্টতা নীতি ESSA-এর সেকশন 1112 of -এর আওতায় প্রণীত ডিস্ট্রিক্ট কম্প্রিহেনসিভ এডুকেশনাল প্ল্যানে অন্তর্ভুক্ত করবে।
- টাইটেল I পার্ট এ পিতামাতা সংশ্লিষ্টতার শর্তাবলি, যথাসম্ভব, পালন করার সময়ে এই স্কুল ডিস্ট্রিক্ট এবং এর স্কুলসমূহ ইংরেজিতে সীমিত দক্ষ পিতামাতা, প্রতিবন্ধিতাযুক্ত পিতামাতা, এবং অস্থায়ী ছেলেমেয়েদের পিতামাতার অংশগ্রহণের জন্য পূর্ণ সুযোগ দেবে, যার মধ্যে থাকবে একটি বোধগম্য ও অভিন্ন কাঠামোয় এবং পিতামাতাদের অনুরোধসাপেক্ষে বিকল্প কাঠামোসমূহে ও পিতামাতাদের বোধগম্য ভাষায় ESSA-র সেকশন 1111-এর আওতায় তথ্য ও স্কুল রিপোর্ট প্রদান।
- যদি ESSA-এর সেকশন 1112-এর আওতায় প্রণীত ডিস্ট্রিক্ট কম্প্রিহেনসিভ এডুকেশন্যাল প্ল্যান অংশগ্রহণকারী শিক্ষার্থীদের পিতামাতাদের কাছে সন্তোষজনক মনে না হয়, তাহলে পরিকল্পনা নিয়ে পিতামাতা কোন মন্তব্য করে থাকলে স্কুল ডিস্ট্রিক্ট তা নিউ ইয়র্ক স্টেট ডিপার্টমেন্ট অভ এডুকেশনের কাছে জমা দেবে।
- স্কুল ডিস্ট্রিক্ট স্কুলের পিতামাতা এবং পরিবার সংশ্লিষ্টতা নীতিতে উল্লিখিত কার্যক্রমে সহায়তা দেওয়ার উদ্দেশ্যে পিতামাতা সংশ্লিষ্টতার জন্য (ন্যূনতম আলাদা করে রাখা) সংরক্ষিত টাইটেল I পার্ট A তহবিলের এক শতাংশ কীভাবে ব্যয় করা হবে সে বিষয়ে সিদ্ধান্তগ্রহণ করার জন্য টাইটেল I পার্ট A প্রোগ্রামের শিক্ষার্থীদের পিতামাতাদের সম্পৃক্ততা নিশ্চিত করার লক্ষ্যে স্কুল ডিস্ট্রিক্টটি বাড়তি নির্দেশনা দেবে।
- স্কুল ডিস্ট্রিক্ট পিতামাতা সংশ্লিষ্টতার নিম্নলিখিত বিধিবদ্ধ সংজ্ঞা দ্বারা পরিচালিত হবে, এবং প্রত্যাশা করে যে এর টাইটেল I স্কুলগুলো এই সংজ্ঞা অনুসারে কর্মসূচি, কার্যক্রম ও পদ্ধতিসমূহ পরিচালনা করবে:

পিতামাতা সংশ্লিষ্টতার অর্থ শিক্ষার্থীদের অ্যাকাডেমিক শিখন ও অন্যান্য স্কুল কার্যক্রমের ব্যাপারে পিতামাতা, অভিভাবক, পিতামাতার সম্পর্কে আবদ্ধ ব্যক্তি ও পালক পিতামাতাদের নিয়মিত, দ্বিমুখী, এবং অর্থপূর্ণ যোগাযোগ, যার মধ্যে রয়েছে এটি নিশ্চিত করা যে--

1. সন্তানকে সহায়তা করায় পিতামাতা একটি গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করেন।
2. পিতামাতাদেরকে উৎসাহিত করা হয় স্কুলে সন্তানের লেখাপড়ায় সক্রিয়ভাবে সংশ্লিষ্ট হতে;
3. সন্তানদের লেখাপড়ায় পিতামাতাগণ সম্পূর্ণ অংশীদার এবং তারা প্রযোজ্য ক্ষেত্রে তাদের সন্তানদের শিক্ষাগত সিদ্ধান্ত গ্রহণ ও পরামর্শক কমিটিগুলোতে সহায়তা দেওয়ার কাজে অন্তর্ভুক্ত; এবং
4. অন্যান্য কর্মকাণ্ড পরিচালনা, যেমন ESSA-এর সেকশন 1116-এ যেগুলো বর্ণিত হয়েছে।

## পার্ট II. ডিস্ট্রিক্ট কীভাবে ডিস্ট্রিক্টব্যাপী পিতামাতা এবং পরিবার সংশ্লিষ্টতা নীতির বিভিন্ন অংশগুলো বাস্তবায়ন করবে, তার বিবরণ

কম্যুনিটি স্কুল ডিস্ট্রিক্ট 26 ESSA সেকশন 1112 অনুযায়ী টাইটেল I তহবিল লাভকারী স্কুলগুলোকে সাহায্য করার জন্য ডিস্ট্রিক্টব্যাপী পিতামাতা সংশ্লিষ্টতার পরিকল্পনা প্রণয়নে পিতামাতাদের সংযুক্ত করার উদ্দেশ্যে ডিস্ট্রিক্টের স্কুলগুলোর সহায়তা নিয়ে নিম্নলিখিত পদক্ষেপসমূহ গ্রহণ করবে:

1. স্কুলগুলো এসব বাধ্যবাকতা সম্পর্কে সচেতন এটি নিশ্চিত করতে টাইটেল I স্কুলগুলোর লিয়াজোঁ হিশেবে দায়িত্বপালন ও কারিগরি সহায়তা, গাইডেন্স এবং সহায়তা সমন্বয় করার জন্য, প্রয়োজন মোতাবেক, কম্যুনিটি সুপারিনটেনডেন্টের নির্দেশে এবং অফিস অভ স্টেট/ফেডারেল এডুকেশন পলিসি অ্যান্ড স্কুল ইমপ্রুভমেন্ট প্রোগ্রামস্-এর সহযোগিতায় একজন নিবেদিত ডিস্ট্রিক্ট স্টাফকে নির্ধারণ করে দেবে;
2. নিশ্চিত করবে যে কমিশনারের প্রবিধান 100.11 এবং চলমান চ্যান্সেলরের প্রবিধান A-655-এর সাথে সামঞ্জস্যবিধান করে একটি ডিস্ট্রিক্ট লিডারশিপ টিম গঠন করা হয়েছে এবং এতে নেতৃত্বশীল পিতামাতাদের প্রতিনিধি বা ভারপ্রাপ্ত ব্যক্তিকে অন্তর্ভুক্ত করা হয়েছে; এবং
3. একটি ডিস্ট্রিক্ট টাইটেল I প্যারেন্ট অ্যাডভাইজরি কাউন্সিল গঠনের সুযোগসুবিধা প্রদান করবে যাতে নিশ্চিত করা যায় যে হাই স্কুলসহ সকল টাইটেল I স্কুল থেকে পিতামাতাদের প্রতিনিধিত্ব নেওয়া হয়েছে এবং ডিস্ট্রিক্ট প্যারেন্ট ইনভলভমেন্ট পলিসিসহ ডিস্ট্রিক্ট কম্প্রিহেনসিভ এডুকেশনাল প্ল্যান (DCEP), ডিস্ট্রিক্ট 100.11 প্ল্যান তৈরিতে ডিস্ট্রিক্ট লিডারশিপ টিমের সক্রিয় অংশগ্রহণ করেছে।
4. ডিস্ট্রিক্ট পিতামাতা এবং পরিবার সংশ্লিষ্টতা নীতির কার্যকারিতা নিরূপণ এবং প্রয়োজনবোধে নীতি ও পিতামাতা সংশ্লিষ্টতার মানোন্নয়ন করার জন্য সংস্কারসাধনের উদ্দেশ্যে নীতিটির বার্ষিক পর্যালোচনা ও মূল্যায়নের সুযোগ দেয়

কম্যুনিটি স্কুল ডিস্ট্রিক্ট ESSA-এর সেকশন 26 1114 (b)-এর আওতায় স্কুল পর্যালোচনা ও উন্নয়ন প্রক্রিয়ায় পিতামাতাদের সংশ্লিষ্ট করতে নিম্নলিখিত পদক্ষেপসমূহ গ্রহণ করবে:

- স্কুলের তৈরি ESSA-এর শর্তাবলি সংক্রান্ত তথ্য, দুর্বল কর্মসম্পাদনকারী স্কুল, শিক্ষকের যোগ্যতা, এবং টাইটেল I কর্মসূচি সংক্রান্ত অন্যান্য গুরুত্বপূর্ণ তথ্য ও স্কুল উন্নয়নের উদ্যোগগুলোর খবর পিতামাতা এবং পরিবারবর্গের প্রতিনিধিত্বকারী স্থানীয় নেতৃত্ব-কাঠামোগুলোর জন্য যথাসময়ে লাভ করার ব্যবস্থা করা, যেমন: ডিস্ট্রিক্ট লিডারশিপ টিম, কম্যুনিটি ও সিটিওয়াইড এডুকেশন কাউন্সিল, বরো ও ডিস্ট্রিক্ট প্রেসিডেন্টস কাউন্সিল, ও টাইটেল ১ ডিস্ট্রিক্ট প্যারেন্ট অ্যাডভাইজরি কাউন্সিলসমূহ (প্রযোজ্য হলে) নিয়মিত সূচিভুক্ত পাবলিক মিটিং, এবং স্কুল ও ডিস্ট্রিক্ট ওয়েবসাইটের মাধ্যমে (প্রযোজ্য হলে)।
- স্কুল উন্নত করার লক্ষ্যে হস্তক্ষেপের জন্য স্কুলগুলোকে কীভাবে এবং কেন শনাক্ত করা হয় তার প্রক্রিয়া পিতামাতাকে অবহিত করা; এবং
- এধরনের স্কুলের পড়ুয়া শিক্ষার্থীদের পিতামাতাদের যথাসময়ে নিচের তথ্য দেওয়া:
    1. শনাক্তকরণ কী অর্থ বহন করে, এবং স্কুলটি ডিস্ট্রিক্ট এবং স্টেট শিক্ষা সংস্থা পরিষেবিত অন্যান্য এলেমেন্টারি, ইন্টারমিডিয়েট অথবা সেকেন্ডারি স্কুলের তুলনায় অ্যাকাডেমিক সাফল্য অর্জনের ক্ষেত্রে কেমন করছে তার একটি ব্যাখ্যা;
    2. শনাক্তকরণের কারণসমূহ;
    3. স্কুলকে স্কুল উন্নয়নের জন্য শনাক্ত করা হয় যেসব অ্যাকাডেমিক সমস্যার কারণে সেগুলো দূর করার কাজে পিতামাতা ও পরিবারের সদস্যরা কীভাবে সংশ্লিষ্ট হতে পারেন তার ব্যাখ্যা;
- উন্নতি আবশ্যক স্কুল হিশেবে চিহ্নিত হওয়ার সমস্যাগুলির সুরাহা করার জন্য ডিস্ট্রিক্টের গৃহীত পদক্ষেপ সম্পর্কিত তথ্য প্রকাশ এবং পিতামাতা ও সর্বজনকে অবহিত করা;
    1. কম সাফল্য সমস্যা দূর করায় ডিস্ট্রিক্ট কী করছে তার একটি ব্যাখ্যা;
    2. কম সাফল্য সমস্যা দূর করায় স্কুল কী করছে তার একটি ব্যাখ্যা; এবং,

- শিক্ষক ও প্যারাপ্রফেশনালদের পেশাগত যোগ্যতা সম্পর্কে পিতামাতাদের তথ্য দেওয়া।

কম্যুনিটি স্কুল ডিস্ট্রিক্ট 26 শিক্ষার্থী সাফল্য ও স্কুলের কর্মসম্পাদনা বৃদ্ধি করার জন্য কার্যকর প্রোগ্রাম, কর্মকাণ্ড ও প্রক্রিয়া পরিকল্পনা তৈরি ও বাস্তবায়নে পিতামাতা ও পরিবারের সদস্যদের অংশগ্রহণে সহায়তা দিতে টাইটেল I পার্ট A স্কুলগুলোকে নিম্নলিখিত প্রয়োজনীয় সমন্বয়, কারিগরি সহায়তা এবং অন্যান্য সমর্থন প্রদান করবে:

- স্কুল ও ডিস্ট্রিক্ট সাপোর্ট স্টাফ শিক্ষক, শিক্ষার্থীদের পরিষেবা প্রদানকারী কর্মচারি, প্রিন্সিপ্যাল, এবং অন্যান্য স্টাফকে কীভাবে পিতামাতাদের কাছে পৌঁছান যায়, কীভাবে সম-অংশী হিশেবে তাদের সঙ্গে যোগাযোগ করা ও কাজ করা যায়, পিতামাতাদের জন্য কর্মসূচি বাস্তবায়ন ও সমন্বয় করা যায় এবং পিতামাতা ও স্কুলের মধ্যে অংশীদারত্ব গড়ে তোলা যায় সে ব্যাপারে পেশাগত উন্নয়নের সুযোগ দেবে।
- স্কুলের প্যারেন্ট এডভাইজারি কাউন্সিল গঠনে সহায়তা দেবে।
- নিশ্চিত করবে যে স্কুল ও পিতামাতাদের কর্মসূচি, সভা এবং অন্যান্য কর্মকাণ্ড সক্রান্ত তথ্য সম্ভাব্য ক্ষেত্রে এমনভাবে ও এমন মাধ্যমে এবং এমন ভাষায় প্রেরণ করা হচ্ছে, যা পিতামাতার কাছে বোধগম্য হয়।
- নিশ্চিত করবে যে আলোচনা/সহযোগিতা চালু আছে।

কমিউনিটি স্কুল ডিস্ট্রিক্ট 26 টাইটেল I পার্ট A-এর অধীনে পিতামাতা ও পরিবার সংশ্লিষ্টতা কৌশল সমন্বয় ও আন্তর্ভুক্ত করবে।

- ভর্তি, প্রোগ্রামের মান, সামগ্রিক পরিষেবা, স্কুল-বয়সী কর্মসূচি এবং পিতামাতা অথবা পরিবারের অনুরোধকৃত অন্যান্য সুনির্দিষ্ট সহায়তা সম্পর্কিত গুরুত্বপূর্ণ প্রি-K তথ্য পিতামাতা ও পরিবারসমূহকে দেওয়ার মাধ্যমে স্কুল ও তাদের বরো অফিস, এবং বহিরাগত অংশীদারদের (যেমন কমিউনিটি ভিত্তিক সংগঠন) সাথে ব্যাপক সংযোগের উদ্দেশ্যে একযোগে কাজ করবে;
- শিক্ষার্থীদের অর্জন ও সাফল্যে প্রয়োজনীয় উপকরণ ও সহায়সঙ্গতি সম্পর্কে পিতামাতাদেরকে তাদের ছেলেমেয়েদের শিক্ষায় পূর্ণাঙ্গরূপে অংশগ্রহণে সমান অংশীদার হিসেবে উৎসাহ ও সহায়তা দেবে;
- পিতামাতাদেরকে বাড়ি ও স্কুলের সংযোগের গুরুত্ব অনুধাবনে সহায়তা দেবে;
- পিতামাতাদের সাথে শিক্ষার্থীর তথ্য (যেমন প্রাথমিক মূল্যায়নের ফলাফল ও শিক্ষার্থীর চলমান অগ্রগতি) বিনিময়সহ পিতামাতাদেরকে তাদের সন্তানদেরকে শিক্ষায় সহায়তা প্রদানে সক্ষমতা বাড়ানর জন্য পিতামাতাদেরকে সংশ্লিষ্ট করতে ও সহায়তা দিতে ক্লাসরুম স্টাফ/শিক্ষকের সাথে কাজ করবে;
- তাদের ছেলেমেয়েদের স্বাস্থ্য ও মঙ্গলের ব্যবস্থা করা, যেগুলোর মধ্যে আছে গঠন, পুষ্টি, স্বাস্থ্য, পরিচ্ছন্নতা/আদর্শ, এবং সামাজিক-আবেগজনিত চাহিদা, ইত্যাদি, তবে তা এতেই সীমাবদ্ধ নয়;
- পিতামাতাদের সময়সূচিকে খাপ খাওয়ানর জন্য পিতামাতাদের জন্য নমনীয় সময়ের ব্যবস্থা করবে, যেমন সকালে, অথবা সন্ধ্যায় বৈঠক আয়োজন;
- পিতামাতারা কথা বলেন, এমন প্রধান ভাষাগুলোতে তথ্য ও অন্যান্য বিষয়বস্তু অনুবাদের ব্যবস্থা করা।

তদুপরি, ডিস্ট্রিক্ট সকল স্কুলের (টাইটেল I ও নন-টাইটেল I) পিতামাতাদেরকে সহায়তা দেবে এবং:

- ডিস্ট্রিক্ট লিডারশিপ টিম, প্রেসিডেন্টস্ কাউন্সিল, প্যারেন্ট টিচার অ্যাসোসিয়েশন এবং কম্যুনিটি ডিস্ট্রিক্ট এডুকেশনকে প্রয়োজনবোধে সাহায্য ও সহায়তা প্রদান।
- স্কুল/ডিস্ট্রিক্ট ইমপ্রুভমেন্ট লিঁয়াজো, সিনিয়র গ্রান্টস্ অফিসার, এবং/অথবা কুইন্স বরো অফিসের কাছে প্রয়োজন অনুযায়ী সহায়তা এবং টেকনিক্যাল অ্যাসিসট্যান্সের অনুরোধ জানানো।
- সকল প্যারেন্ট অ্যাসোসিয়েশনকে NYC DOE এক্সিলেন্স অ্যান্ড ইক্যুইটি ইনিশিয়েটিভস্, কলেজ এবং ক্যারিয়ার রেডিনেস, এবং টিচিং অ্যান্ড লার্নিং কৌশল বিষয়ে পিতামাতাদের জন্য কর্মশালার আয়োজন করবে।
- স্কুলবছরের শুরুতে একটি ডিস্ট্রিক্ট তথ্য বিনিময় ও পরিচিতিমূলক বৈঠক আয়োজন করবে।

- পিতামাতাদের ইমেইল যোগাযোগের তালিকা সংরক্ষণ, হালনাগাদকরণ, এবং বৃদ্ধি করে, এবং ডিস্ট্রিক্ট 26 (district 26.org), টুইটার অ্যাকাউন্ট (@D26Team)-এর মাধ্যমে ডিজিটাল যোগাযোগ রক্ষা এবং সংযোগ বৃদ্ধি অব্যাহত রাখা।
- চ্যান্সেলরের প্রবিধান A-655 and A-660-তে উল্লিখিত সকল বিষয় এবং শর্তে যাতে স্বচ্ছতা নিশ্চিত হয় সেসম্পর্কে স্কুল লিডার/প্রিন্সিপ্যালদেরকে সহায়তা প্রদান।
- শিক্ষার্থীদের সাফল্যের স্তরে পৌঁছুতে পাঠ্যক্রম কেন্দ্রিক কর্মশালা প্রদানে স্কুল-ভিত্তিক প্রচেষ্টাকে সহায়তা প্রদান, প্যারেন্ট-টিচার আলোচনাকে উৎসাহিত করা, এবং হোম-স্কুল প্রসারিত কর্মকাণ্ডে শিক্ষাদান।
- ট্রান্সলেশন অ্যান্ড ইন্টারপ্রেটেশন পলিসি বাস্তাবয়নে স্কুলগুলোর জন্য ডিস্ট্রিক্টের নির্দেশাবলি ও কারিগরি সহায়তা এবং তা অব্যাহত রাখা। অনুবাদ করতে হবে এমন বেশিরভাগ গুরুত্বপূর্ণ তথ্যের অনুবাদ NYC ডিপার্টমেন্ট অভ এডুকেশন জোগাবে। অন্যান্য গুরুত্বপূর্ণ ডিস্ট্রিক্ট এবং স্কুল চিঠিপত্রের অনুবাদ ডিস্ট্রিক্ট অথবা স্কুলকে করতে হবে। ট্রান্সলেশন অ্যান্ড ইন্টারপ্রেটেশন পলিসি সম্পর্কিত সুনির্দিষ্ট প্রশ্ন ট্রান্সলেশন অ্যান্ড ইন্টারপ্রেটেশন ইউনিটের ডিরেক্টরের কাছে 718-752-7373 নম্বরে বা translations@schools.nyc.gov ঠিকানায় পাঠানো যেতে পারে।
- যখনই সম্ভব পিতামাতাদের অনুষ্ঠানের জন্য অনুবাদ এবং দোভাষ সুযোগ প্রদান অব্যাহত রাখা। যখন প্রয়োজন অথবা অনুরোধক্রমে ডিস্ট্রিক্ট সামগ্রীর অনুবাদ, এবং ডিস্ট্রিক্ট অনুষ্ঠানসমূহের দোভাষ পরিষেবা ম্যান্ডারিন, ক্যান্টোনিজ, কোরিয়ান, বাংলা, আরবি, এবং উর্দুতে লভ্য।
- স্কুলকে যেসব সহায়তা প্রদান করে স্কুল-পর্যায়ে পিতামাতা সংশ্লিষ্টতা উৎসাহিতকরণ:
- প্যারেন্ট টিচার অ্যাসোসিয়েশন প্রতিষ্ঠা
- স্কুল-পিতামাতা চুক্তি প্রণয়ন
- পিতামাতা সংশ্লিষ্টতার নীতি তৈরি
- স্কুল লিডারশিপ টিমে পিতামাতার প্রতিনিধিত্ব 50% সংরক্ষণ
- পিতামাতার স্বেচ্ছাকর্ম সর্বোচ্চ স্তরে নেয়ায় উৎসাহ প্রদান এবং সহজীকরণ

পিতামাতা সংশ্লিষ্টতার কর্মসূচি ডিস্ট্রিক্ট 26 ফ্যামিলি কোঅর্ডিনেটরস্ পরিকল্পনা এবং বাস্তবায়ন করে এবং পিতামাতাদের অধিকার এবং চাহিদা পূরণ নিশ্চিতকরণে ডিস্ট্রিক্টের কম্যুনিটি ডিস্ট্রিক্ট এডুকেশন কাউন্সিল, প্রেসিডেন্টস্ কাউন্সিল, প্যারেন্ট অ্যাসোসিয়েশনস্, এবং স্কুল লিডারশিপ টিমের সাথে সহযোগিতামূলকভাবে কাজ করে। ডিস্ট্রিক্ট 26 ফ্যামিলি কোঅর্ডিনেটরস্ এবং সুপারিনটেনডেন্ট অফিসের স্টাফ এইসব প্যারেন্ট গ্রুপের সাথে মিলিত হয় নিচে উল্লিখিত বিষয়ের মূল্যায়ন, পরিকল্পনা, পুনর্মূল্যায়ন, এবং উন্নতির উদ্দেশ্যে: শিক্ষানির্দেশনা প্রোগ্রাম যাতে আমাদের শিক্ষার্থীদের চাহিদা পূরণ করতে পারে এবং পিতামাতাগণ যাতে এসব লক্ষ্যে পৌঁছুতে আমাদের স্কুলগুলিকে সহায়তা দিতে পারেন, সেটা নিশ্চিত করতে ডিস্ট্রিক্ট পিতামাতা এবং পরিবার সংশ্লিষ্টতা নীতি এবং ডিস্ট্রিক্ট কমপ্রিহেনসিভ এডুকেশন প্ল্যানের সাথে কাজ করে।

সকল পিতামাতাদের কাছে যে তথ্য বিতরণ করা হবে, নিম্নলিখিতগুলো তার অন্তর্ভুক্ত আছে, তবে তা এগুলোর মধ্যে সীমিত নয়:

**লিখিত যোগাযোগ**

- ডিস্ট্রিক্ট লিডারশিপ টিম মিটিংয়ের নোটিস
- কম্যুনিটি ডিস্ট্রিক্ট এডুকেশন কাউন্সিল 22
- বিভিন্ন স্কুল এবং কর্মসূচির জন্য নির্বাচন পদ্ধতি
- স্কুল ও কর্মসূচিগুলোর আবেদনের ফরম/গৃহীত হওয়ার চিঠি
- কিন্ডারগার্টেন ও প্রি-কে রেজিস্ট্রেশন সম্পর্কিত তথ্য
- গিফটেড অ্যান্ড ট্যালেন্টেড টেস্টিং তথ্য
- মিডল স্কুলের আর্টিকুলেশন এবং আবেদনের তথ্য
- হাই স্কুলে ভর্তির আবেদনের তথ্য

- শিক্ষার্থী আসনদানের নোটিস
- রেজিস্ট্রেশন ও ভর্তির তথ্য
- নতুন ভর্তি ELL-দের জন্য পিতামাতাদের অপশনের চিঠি
- বাইলিঙ্গুয়াল/ইএনএল সার্ভিস অব্যাহত/বন্ধ করে দেওয়ার নোটিস
- বিশেষ শিক্ষার অধিকার, মিটিং, হিয়ারিং পরীক্ষার অবহিতকরণ চিঠি
- প্যারেন্ট-টিচার কনফারেন্সের তারিখ
- রিপোর্ট কার্ড
- প্রোমোশন/একই ক্লাসে রেখে দেওয়ার চিঠি
- অ্যাকাডেমি হস্তক্ষেপ পরিষেবার চিঠি
- সামার স্কুলের চিঠি
- সামারের অ্যাকাডেমিক ও বিনোদনমূলক কর্মূচির তথ্য
- সাসপেনশন ও হেয়ারিং, এবং সিদ্ধান্ত গ্রহণ/খারিজের চিঠির
- শৃঙ্খলা সম্পর্কিত চিঠি
- বিকন কর্মসূচি ও বিকন কর্মসূচিতে রেজিস্ট্রেশনের তথ্য
- ডিস্ট্রিক্ট পিতামাতা কর্মশালার তথ্য
- ট্রান্সলেশন অ্যান্ড ইন্টারপ্রিটেশন ইউনিট থেকে অনুবাদ লভ্য
- নিরাপত্তা বিষয়ক বিজ্ঞপ্তি

**মৌখিক যোগাযোগ**

- প্যারেন্ট-টিচার কনফারেন্স
- শিক্ষায় অগ্রগতি বা শৃঙ্খলাজনিত সমস্যা নিয়ে স্কুল কর্মকর্তাদের সাথে বৈঠক
- কমিটি অন স্পেশাল এডুকেশনের (CSE) টিম বৈঠক যেগুলিতে পিতামাতারা অংশ নেন
- জরুরি বিজ্ঞপ্তি
- 311 পরিষেবার অনুরোধের উত্তর এবং তার ফলো আপ
- কম্যুনিটি ডিস্ট্রিক্ট এডুকেশন কাউন্সিলএর সভা
- ডিস্ট্রিক্ট-ওয়াইড পিতামাতার মিটিং
- ডিস্ট্রিক্ট লিডারশিপ টিমের মিটিং
- ডিস্ট্রিক্ট পিতামাতা কর্মশালা
- প্যারেন্ট অ্যাসোসিয়েশন মিটিং
- PTA এক্সিকিউটিভ বোর্ডের জন্য পেশাদারীত্ব উন্নয়ন

কম্যুনিটি স্কুল ডিস্ট্রিক্ট 26 অধীনস্ত টাইটেল ওয়ান পার্ট A স্কুলগুলোর প্রাতিষ্ঠানিক মান উন্নয়নের লক্ষ্যে পিতামাতা ও পরিবারের সদস্যদেরকে অর্থপূর্ণভাবে সংশ্লিষ্ট করে এই পিতামাতা এবং পরিবার সংশ্লিষ্টতা নীতির নীতির বিষয়বস্তু ও কার্যকারিতার বার্ষিক মূল্যায়ন পরিচালনা করার জন্য নিম্নলিখিত পদক্ষেপগুলো গ্রহণ করবে: মূল্যায়নের মধ্যে থাকবে পিতামাতা সংশ্লিষ্টতা কার্যক্রমে পিতামাতাদের বেশি করে অংশগ্রহণের ক্ষেত্রে বাধা শনাক্ত করা (বিশেষ নজর দেওয়া হবে আর্থিকভাবে সুবিধাবঞ্চিত, ইংরেজিতে সীমিত দক্ষ, সীমিত সাক্ষর অথবা সংখ্যালঘু কোনো বর্ণ বা জনজাতিক পরিচয়ের পিতামাতাদের প্রতি)। স্কুল ডিস্ট্রিক্ট এর পিতামাতা সংশ্লিষ্টতা নীতি ও কার্যক্রমের মূল্যায়নলব্ধ ফল ব্যহার করবে আরো কার্যকর পিতামাতা সংশ্লিষ্টতার অভিজ্ঞতাভিত্তিক কৌশল নির্ধারণের এবং, প্রয়োজন হলে (পিতামাতাদের সহায়তা নিয়ে) তাদের পিতামাতা সংশ্লিষ্টতা নীতি পরিবর্তন করবে।

- কমিউনিটি স্কুল ডিস্ট্রিক্ট 26 ইংরেজিতে সীমিত দক্ষ পিতামাতা, প্রতিবন্ধিতাযুক্ত পিতামাতা এবং পরিযায়ী ছেলেমেয়েদের পিতামাতাদের, যথাসম্ভব, পিতামাতারা বুঝতে পারেন এমন মাধ্যম ও ভাষায় তথ্য এবং স্কুলের রিপোর্ট প্রদানসহ, সাধ্যমত, অংশগ্রহণের পূর্ণ সুযোগ দেবে।
- ডিস্ট্রিক্ট লিডারশিপ টিম, প্রেসিডেন্টস্ কাউন্সিল, ডিস্ট্রিক্ট প্যারেন্ট অ্যাডভাইজরি কাউন্সিল এবং কমিউনিটি এডুকেশন কাউন্সিলের প্রতি পিতামাতা এবং পরিবার সংশ্লিষ্টতা নীতির বার্ষিক উপস্থাপনা এমন আঙ্গিকে, বাস্তবে যতোটুকু সম্ভব পিতামাতাদের বোধগম্য ভাষায় করা হবে।
- পিতামাতা এবং পরিবার সংশ্লিষ্টতা নীতির বিষয়বস্তু ও কার্যকারিতা মূল্যায়নে ও লিখিত প্রতিক্রিয়া জানাতে, পিতামাতা ও পরিবারের সদস্যদের একটি সুশৃঙ্খল, অব্যাহত ও সময়োচিত পন্থায় সংশ্লিষ্ট করবে।
- আরও কার্যকর পিতামাতা সংশ্লিষ্টতার কৌশল নির্ধারণের জন্য কমিউনিটি স্কুল ডিস্ট্রিক্ট পিতামাতা এবং পরিবার সংশ্লিষ্টতা নীতি ও কর্মকাণ্ডের মূল্যায়নের ফলাফল ব্যবহার করবে, এবং, প্রয়োজন হলে পিতামাতাদের সহায়তা নিয়ে পিতামাতা সংশ্লিষ্টতার নীতি সংশোধন করবে।

A. সুনির্দিষ্টভাবে নিম্ন-বর্ণিত কর্মকাণ্ডগুলোর মাধ্যমে কমিউনিটি স্কুল ডিস্ট্রিক্ট 26 শক্তিশালী পিতামাতা ও পারিবারিক সংশ্লিষ্টতা গড়ে তোলার জন্য স্কুলের ও পিতামাতাদের সক্ষমতা বৃদ্ধি করবে যাতে সংশ্লিষ্ট স্কুল, পিতামাতা ও কমিউনিটির মধ্যে পিতামাতা ও পরিবারের সদস্যদের কার্যকর সংশ্লিষ্টতা নিশ্চিত করা যায়, যার লক্ষ্য হলো শিক্ষার্থীদের প্রাতিষ্ঠানিক সাফল্য বৃদ্ধি করা ও স্কুলের কার্যসম্পাদনা উন্নত করা:

কমিউনিটি স্কুল ডিস্ট্রিক্ট 26 স্কুল ডিস্ট্রিক্টের টাইটেল I, পার্ট A স্কুলগুলোর সহায়তায় স্কুলটির সহায়তাপ্রাপ্ত শিক্ষার্থীদের পিতামাতা ও পরিবারের সদস্যদেরকে যথাপ্রযোজ্য ক্ষেত্রে, নিম্নবর্ণিত বিষয়গুলোর মতো বিষয় বুঝতে এ প্যারাগ্রাফে বর্ণিত পদক্ষেপ নিতে সহায়তা করে–

1. স্টেট-এর প্রাতিষ্ঠানিক উপকরণের মান,
2. স্টেট-এর শিক্ষার্থীদের প্রাতিষ্ঠানিক অর্জনের সাফল্যের মান,
3. বিকল্প মূল্যায়নসহ স্টেট এবং স্থানীয় প্রাতিষ্ঠানিক মূল্যায়ন,
4. তাদের সন্তানের অগ্রগতি নজরদারি ও শিক্ষাবিদদের সাথে কাজ করার প্রক্রিয়া:
    - স্টেটের প্রাতিষ্ঠানিক বিষয়বস্তুর মান এবং স্টেটের শিক্ষার্থীর অ্যাকাডেমিক সাফল্যের মান, স্টেট ও স্থানীয় মূল্যায়ন, টাইটেল I, পার্ট A-এর শর্তাবলি এবং কীভাবে একজন শিক্ষার্থীর অগ্রগতি খেয়াল করতে হয় ও ছেলেমেয়েদের সাফল্য বৃদ্ধি করার জন্য শিক্ষাব্রতীদের সঙ্গে কাজ করতে হয় সে ব্যাপারে পিতামাতা ও পরিবারের সদস্যদের সহায়তা প্রদান।
    - ছেলেমেয়েদের প্রাতিষ্ঠানিক সাফল্য বৃদ্ধি করার জন্য ছেলেমেয়েদের সঙ্গে পরিবারবর্গ কাজ করায় পিতামাতা ও পরিবারের সদস্যদের সাহায্য করার উদ্দেশ্যে উপকরণ ও প্রশিক্ষণ প্রদান, যেমন সাক্ষরতা প্রশিক্ষণ এবং যথোপযুক্ত প্রযুক্তি ব্যবহার পিতামাতা সংশ্লিষ্টতার প্রসার ঘটান।
    - প্যারেন্ট কোঅর্ডিনেটরদের মাসিক পেশাগত উন্নয়নের ব্যবস্থা করা যাাতে তাদের স্কুলের পিতামাতাদের অ্যাকাডেমিক, সামাজিক ও আবেগগত সমস্যার সমাধান দিতে পারেন।
    - পিতামাতা ও প্যারেন্ট অ্যাসোসিয়েশন, প্যারেন্ট টিচার অ্যাসোসিয়েশন, স্কুল লিডারশিপ টিম, টাইটেল I প্যারেন্ট অ্যাডভাইজরি কাউন্সিল, ডিস্ট্রিক্ট অ্যান্ড বরো প্রেসিডেন্টস্ কাউন্সিল, ডিস্ট্রিক্ট লিডারশিপ টিম, ডিস্ট্রিক্ট প্যারেন্ট অ্যাডভাইজরি কাউন্সিল এবং কমিউনিটি এডুকেশন কাউন্সিলের নেতৃত্বশীল পিতামাতাদের প্রশিক্ষণ প্রদান করা।
    - পিতামাতা এবং পরিবার সংশ্লিষ্টতা কর্মকাণ্ডে (যেমন কলেজ ও ক্যারিয়ার প্রস্তুতি) সেকশন 1116-এর অধীনে পিতামাতা যেসব যুক্তিসঙ্গত সহায়তার অনুরোধ করতে পারেন, সেগুলোতে এ ধরনের অন্যান্য সহায়তা প্রদান করা।

B. কমিউনিটি স্কুল ডিস্ট্রিক্ট 26 পিতামাতা সংশ্লিষ্টতাকে উৎসাহিত করতে, ডিস্ট্রিক্টভুক্ত স্কুলগুলোর সহায়তায়, ছেলেমেয়েদের অ্যাকাডেমিক সাফল্য বৃদ্ধি করায় তাদের সঙ্গে কাজ করার জন্য পিতামাতাদের সাহায্য করতে নিম্নলিখিত পদক্ষেপগুলোর মাধ্যমে উপকরণ ও প্রশিক্ষণ জোগাবে, যেমন সাক্ষরতা প্রশিক্ষণ এবং, যথোপুযক্ত, প্রযুক্তি ব্যবহার:

- প্রাতিষ্ঠানিক ও অপ্রাতিষ্ঠানিক অগ্রগতিতে সহায়তা দেওয়ার জন্য প্যারেন্ট কোঅর্ডিনেটরদের কৌশল ও উপকরণ দিয়ে সহায়তা প্রদান করা যাতে তারা পিতামাতাদের সহায়তা করতে পারেন;
- পিতামাতাদেরকে প্রযুক্তি ও ওয়েব-কেন্দ্রীক জবাবদিহিতার উপকরণ ব্যবহারে ডিস্ট্রিক্টব্যাপী প্রশিক্ষণলাভের সুযোগ দেওয়া; এবং
- ছেলেমেয়েদের যত্ন নেওয়া ও বয়স্ক শিক্ষার ক্লাসে (যেমন ESL, কমপিউপার ও কর্মপ্রস্তুতি) সহায়তা করার জন্য, যেখানে সম্ভব, জায়গার ব্যবস্থা করা।

C. কম্যুনিটি স্কুল ডিস্ট্রিক্ট স্কুল ও পিতামাতাদের সহায়তায় শিক্ষকমণ্ডলী, শিক্ষার্থী, পরিষেবা কর্মী, প্রিন্সিপ্যাল ও অন্যান্য কর্মচারিদেরকে পিতামাতাদের সাথে সমান সমান অংশীদার হিসেবে পিতামাতাদের কাছে পৌঁছা, সংযোগ তৈরি ও কাজ করার উপায়, এবং পিতামাতাদের অবদানের মূল্য ও উপযোগিতা নির্ণয় এবং কীভাবে পিতামাতাদের কর্মসূচি বাস্তবায়ন ও সমন্বয় করবে এবং পিতামাতা ও স্কুলের মধ্যে বন্ধন তৈরি করবে, সে ব্যাপারে নিম্নলিখিত উপায়ে সহায়তা করবে:

- প্রিন্সিপ্যালদেরকে পিতামাতা সংশ্লিষ্টকরণমূলক উদ্যোগ গতিশীল করার জন্য উৎসাহিত করা।
- প্যারেন্ট কোঅর্ডিনেটরদেরকে তাদের স্কুলের বিভিন্ন কর্মকর্তাদের সাথে সহযোগিতার জন্য প্রশিক্ষণ দেওয়া।
- কীভাবে পিতামাতাদেরকে সাথে কার্যকরভাবে কাজ করা যায়, তার সেরা উপায় সম্পর্কে বিভিন্ন দৃষ্টিভঙ্গী পর্যালোচনা ও মতবিনিময়য়ের জন্য প্যারেন্ট কোঅর্ডিনেটরদের সাথে মাসিক মিলিত হওয়া।

D. কমিউনিটি স্কুল ডিস্ট্রিক্ট 26 যতোটা সম্ভব ও প্রযোজ্য, পিতামাতা সংশ্লিষ্টকরণ কর্মসূচি ও কর্মকাণ্ড হেড স্টার্ট , রিডিং ফার্স্ট, আরলি রিডিং ফার্স্ট, ইভেন স্টার্ট, হোম ইন্সট্রাকশন প্রোগ্রাম ফর প্রি-স্কুল ইয়াংস্টার, প্যারেন্টস অ্যাজ টিচার্স প্রোগ্রাম, এবং সরকারি প্রিস্কুল ও অন্যান্য কর্মসূচির সাথে পিতামাতা সংশ্লিষ্টকরণ কর্মসূচি সমন্বয় ও সংযুক্ত করবে এবং প্যারেন্ট রিসোর্স সেন্টারের মতো কর্মকাণ্ড পরিচালনা করবে যা পিতামাতাদেরকে তাদের সন্তানদের শিক্ষায় আরো পূর্ণরূপে অংশগ্রহণ করতে নিম্নলিখিতগুলোর দ্বারা অধিকতর উৎসাহ ও সহযোগিতা দেবে:

- প্রিস্কুল থেকে কিন্ডারগার্টেনে উত্তরণের প্রতি মনোনিবেশের জন্য শিক্ষক ও পিতামাতাদের সাথে কাজ করা।
- পিতামাতাদের কর্মশালা, কনফারেন্স, স্কুল পরিদর্শন, ওপেন হাউস এবং ক্লাসরুমে ভলান্টিয়ার হিসেবে কাজের মাধ্যমে স্কুলে উত্তরণের সুযোগ প্রদান করা।

E. স্কুল ডিস্ট্রিক্ট স্কুল ও পিতামাতা কর্মসূচি, সভা, এবং অন্যান্য কর্মকাণ্ড সম্পর্কিত তথ্য অংশগ্রহণকারী ছেলেমেয়েদের পিতামাতাদের কাছে, অনুরোধসাপেক্ষে বিকল্প মাধ্যমসহ, এবং বাস্তবে যতোটুকু সম্ভব পিতামাতাদের বোধগম্য অন্য কোন ভাষায়, এমন কোন বোধগম্য ও অভীন্ন প্রক্রিয়ায় পাঠানো হচ্ছে, সেটা নিশ্চিত করার জন্য নিম্নলিখিত পদক্ষেপ গ্রহণ করবে:

- প্যারেন্ট টিচার কনফারেন্সের সময়সূচি, স্কুল ও ডিস্ট্রিক্ট রিপোর্ট, এবং সিটিভিত্তিক উদ্যোগসমূহের জন্য এমন মাধ্যম ব্যবহার করে এবং বাস্তবসম্মতভাবে পিতামাতাদের বোধগম্য ভাষায় পর্যাপ্ত বিজ্ঞপ্তি প্রদান করে পিতামাতাদেরকে কার্যকর যোগাযোগের সুযোগ প্রদান করবে।
- সীমিত ইংরেজি জানা পিতামাতাদের জন্য বাড়তি অনুবাদ ও দোভাষীর পরিষেবার জন্য যোগ্য স্কুলগুলোকে ডিপার্টমেন্ট অভ এডুকেশনের তহবিল বরাদ্দ দিবে।
- পিতামাতাদেরকে নিউ ইয়র্ক সিটি ডিপার্টমেন্ট অভ এডুকেশনের ডিভিশন অভ মাল্টিলিঙ্গুয়াল লার্নারস-এর ওয়েবসাইট দেখার সুযোগ দেবে যাতে তারা সিটি ও আঞ্চলিক অনুষ্ঠান ও অনূদিত উপকরণ দেখার সুযোড় পান।

পার্ট III: ডিস্ট্রিক্টব্যাপী পিতামাতা এবং পরিবার সংশ্লিষ্টতা নীতির ঐচ্ছিক উপাদান

এভরি স্টুডেন্ট সাকসিডস্ অ্যাক্ট (ESSA)-এর সেকশন 1116-এর সাথে সামঞ্জস্য রেখে ডিস্ট্রিক্ট 26 অর্থবহ পিতামাতা সংশ্লিষ্টতা এবং টাইটেল I, পার্ট A কর্মসুচি আছে, এমন সব স্কুলে কর্মসূচি, কর্মকাণ্ড ও পিতামাতা সংশ্লিষ্টতার প্রক্রিয়া পরিচালনা করার প্রতি প্রতিশ্রুতবদ্ধ। এর জন্য ডিস্ট্রিক্ট যা যা করবে:

- পরিকল্পনা তৈরি, ডিস্ট্রিক্ট-এর টাইটেল I এবং পিতামাতা ও পরিবার সংশ্লিষ্টকরণ কর্মসূচি তৈরিতে সক্রিয়ভাবে পিতামাতা ও পরিবারের সদস্যদের সংশ্লিষ্ট করবে;
- প্যারেন্ট-টিচার কনফারেন্স, ঘন ঘন প্রতিবেদন দিয়ে এবং সিটিভিত্তিক উদ্যোগসমূহের সময়সূচি জানিয়ে কার্যকর পিতামাতা-স্কুল সংযোগ তৈরি করবে;
- ইংরেজি ভাষা ব্যবহার করেন না, এমন পিতামাতাদের প্রশিক্ষণ, প্রতিবেন প্রদান এবং যোড়াযোগের ক্ষেত্রে মাতৃভাষা ব্যবহার করবে
- প্যারেন কোঅর্ডিনেটরদের মাধ্যমে পিতামাতা সংশ্লিষ্টতার সকল বিষয়ে সহায়তা দেবে; এবং
- ডিস্ট্রিক্ট-এর পিতামাতা এবং পরিবার সংশ্লিষ্টতা নীতির একটি বার্ষিক মূল্যায়ন, এবং প্রযোজ্য ক্ষেত্রে শিক্ষানির্দেশনা কর্মসূচি পর্যালোচনার ব্যবস্থা করবে।

পার্ট IV: প্রবর্তন

কম্যুনিটি স্কুল ডিস্ট্রিক্ট 26 এর জন্য এই ডিস্ট্রিক্ট পিতামাতা এবং পরিবার সংশ্লিষ্টতার নীতি টাইটেল I, পার্ট A কর্মসূচিতে অংশগ্রহণকারী ছেলেমেয়েদের পিতামাতাদের সঙ্গে যুগ্মভাবে ও ঐকমত্যক্রমে প্রণয়ন করা হয়েছে, যা ডিস্ট্রিক্টভিত্তিক বৈঠকের নোটিস, উপস্থিতির শিট, কার্যবিরণী, ফিডব্যাক ফরম এবং/অথবা ডিস্ট্রিক্ট পিতামাতা এবং পরিবার সংশ্লিষ্টতার নীতি জানানো ও আলোচনা করা হয়েছিল এমন বৈঠকের সমীক্ষা দ্বারা প্রমাণিত হয়। এই প্রমাণ ডিস্ট্রিক্ট অফিসের ফাইলে সংরক্ষিত থাকবে এবং/অথবা সিটি, স্টেট অথবা ফেডারেল কর্মকর্তা অথবা তাদের প্রতিনিধিরা পর্যালোচনা করতে পারবেন।

এই নীতি কম্যুনিটি স্কুল ডিস্ট্রিক্ট 26-এর ডিস্ট্রিক্ট লিডারশিপ টিম 1 ডিসেম্বর, 7, 2018 তারিখে গ্রহণ করা হয়েছে এবং দুই (2) বৎসরের জন্য কার্যকর থাকবে। 30 জুন, 2019 তারিখে বা তার আগে স্কুল ডিস্ট্রিক্ট সকল টাইটেল 1 পার্ট A-এর অংশগ্রহণকারী ছেলেমেয়ের পিতামাতার এবং ডিস্ট্রিক্ট-এর টাইটেল 1 পার্ট A তহবিল লাভকারী নন-টাইটেল স্কুলের পিতামাতাদেরকে তাদের অধিকাংশের বলা ভাষায় অনূদিত, এবং যারা তহবিল লাভ করে না, তাদের কাছে, এই নীতি বিতরণ করবে। এই নীতির চূড়ান্ত সংস্করণ DCEP সংযুক্তিতে অন্তর্ভুক্ত এবং ডিস্ট্রিক্ট 26-এর পিতামাতাদের অধিকাংশ যে ভাষায় কথা বলেন সেই ভাষায় অনুবাদ করা হবে।